সভাপতি আব্দুর রউফ স্বপন, সম্পাদক হাফিজুর রহমান

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। কাজিপুর ইউনিয়নের সকল ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদকদের গোপন ব্যালটের মাধ্যমে তারা তাদের নেতা নির্বাচন করেন।

সম্মেলনে সভাপতি নির্বাচিত হন আব্দুর রউফ স্বপন মাষ্টার তিনি এর আগে সাধারণ সম্পাদক ছিলেন এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হন মো: হাফিজুর রহমান হাফিজ তিনি এর আগে ওয়ার্ড আওয়ামী লীগের সদস্য ছিলেন।

সভাপতি ও সাধারণ সম্পাদকের পদ প্রার্থীদের মধ্যে সভাপতি প্রার্থী ছিলেন ৯জন ও সাধারণ সম্পাদক প্রার্থী ছিলেন ৭ জন। এদের মধ্যে ভোটের মাধ্যমে সভাপতি আব্দুর রউফ স্বপন মাষ্টার সভাপতি ও মো: হাফিজুর রহমান হাফিজ সাধারণ সম্পাদক নির্বাচিত হন।

সোমবার সন্ধ্যায় নওদাপাড়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ সম্মেলন উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।
অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন। প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো: গোলাম মোস্তফা।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি মো: মকবুল হোসেন প্রমুখ। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন কাজিপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মো: আবু নাতেক।

নিজস্ব প্রতিনিধি

ভোলায় পুলিশের সঙ্গে ‘তৌহিদী জনতা’র সংঘর্ষ, নিহত ৪

ভোলার বোরহানউদ্দিনে ধর্ম অবমাননার অভিযোগে সংখ্যালঘু স¤প্রদায়ের এক যুবকের বিচারের দাবিতে ‘তৌহিদী জনতা’র ব্যানারে বিক্ষোভ থেকে ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটেছে। একপর্যায়ে পুলিশের গুলিতে চারজন নিহত হয়েছেন। নিহত চারজনকে নিজেদের কর্মীসমর্থক বলে দাবি করেছে তৌহিদী জনতা। সংঘর্ষে ১০ পুলিশ সদস্যসহ দেড় শতাধিক ব্যক্তি আহত হয়েছেন।
গতকাল রোববার সকাল সাড়ে ১০টায় বোরহানউদ্দিন পৌরসভার ঈদগাহ মাঠে এ সংঘর্ষের ঘটনা ঘটে। পুলিশ বলছে, এক যুবকের হ্যাক হওয়া আইডি থেকে ধর্মীয় অনুভূতিতে আঘাত হানার বক্তব্য ছড়ানোর ঘটনা থেকে এ পরিস্থিতির সূত্রপাত।
নিহত চারজন হলেন বোরহানউদ্দিন পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মাহফুজ (৪৫), বোরহানউদ্দিন উপজেলার মহিউদ্দিন পাটওয়ারীর ছেলে মাহবুব পাটওয়ারী (১৪), মনপুরা হাজিরহাট এলাকার বাসিন্দা মিজানুর রহমান (৪০) ও বোরহানউদ্দিনের মো. শাহিন। আহত ব্যক্তিদের মধ্যে শতাধিক ব্যক্তিকে বোরহানউদ্দিন হাসপাতালে, ৪০ জনকে ভোলা সদর হাসপাতালে এবং পাঁচজনকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।
পুলিশ ও স্থানীয় লোকজন সূত্রে জানা গেছে, সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে আল্লাহ ও হজরত মুহাম্মদ (সা.) কে নিয়ে কটুক্তি করার অভিযোগে বিপ্লব চন্দ্র শুভ নামের এক ব্যক্তির বিচারের দাবিতে আজ ঈদগাহ মাঠে বিক্ষোভ সমাবেশের আয়োজন করে তৌহিদী জনতা।
এ সমাবেশের জন্য পুলিশ অনুমতি দেওয়ার আগেই তারা মাইকিং করে। পরে সমাবেশের জন্য পুলিশ অনুমতি না দিলেও সকাল নয়টা থেকে লোকজন মাঠে জড়ো হতে থাকে। মিছিল করতে না পেরে সেখানেই অবস্থান শুরু করে তারা। পরে পুলিশ ‘বাটামারা পীর সাহেব’ মাওলানা মহিবুল্লাহকে সেখান থেকে সরে যাওয়ার অনুরোধ করে এবং তাঁকে ঈদগাহ জামে মসজিদের দোতলায় নিয়ে যায়। ওই সময় গুঞ্জন ওঠে, মাওলানা মহিবুল্লাহকে পুলিশ আটক করেছে। এ গুঞ্জন ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গে সেখানে উত্তেজনা ছড়িয়ে পড়ে। একপর্যায়ে পুলিশ গুলি ছুড়লে চারজন নিহত হন। পুলিশের দাবি, উত্তেজিত লোকজন পুলিশের ওপর হামলা করলে তারা গুলি করতে বাধ্য হয়।

আজকের প্রোগ্রাম হবে না। কিন্তু সকাল থেকে আমাদের কাছে খবর আসে, সেখানে মাইকিং হচ্ছে এবং স্টেজ বানানো হচ্ছে। সেখানে গিয়ে আমরা উপস্থিত মুসল্লিদের সঙ্গে কথা বলেছি। আমি নিজে সেখানে বক্তব্য দিয়েছি। তারা সবাই আমার বক্তব্য শুনেছে। যখন আমি স্টেজ থেকে নেমে আসি, তখন এক দল উত্তেজিত জনতা আমাদের ওপর হামলা চালায়। আমরা আত্মরক্ষার্থে একটি রুমে গিয়ে আশ্রয় নিই।’ তিনি আরও বলেন, ‘যখন তারা আমাদের রুমের জানালা ভেঙে ফেলে, তখন আমরা প্রথমে শটগানের ফাঁকা গুলি ছুড়ি। এতে কাজ না হওয়ায় ওপরের দিকে গুলি চালানো হয়। আমার জানামতে, একজন পুলিশ সদস্য বুকে গুলি লেগে গুরুতর আহত হয়েছেন। আমরা আহত অবস্থায় যাঁদের হাসপাতালে পাঠিয়েছি, তাঁদের মধ্যে তিনজন নিহত হয়েছেন। তবে আরও নিহত থাকতে পারে, সেটা আমাদের কাছে তথ্য নেই।’
এদিকে বোরহানউদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মু. এনামুল হক জানিয়েছেন, শুক্রবার রাতে বিপ্লব চন্দ্র নিজের ইচ্ছায় থানায় আসেন। তিনি এখন পুলিশের হেফাজতে। তাঁকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। ঘটনা সত্য প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। এ ঘটনায় আরেকজনকে আটক করা হয়েছে।

নিজস্ব প্রতিনিধি

আলমডাঙ্গায় ওয়াবদার জমি দখল করে হাত বদলের রমরমা ব্যবসা

ওয়াবদাহ’র জমি দখল করে লাখ লাখ টাকার বিনিময়ে হাতবদলের ব্যবসা করার অভিযোগ উঠেছে আলমডাঙ্গার হাউসপুরের হাফিজুলসহ ৩ জনের বিরুদ্ধে।
জানা গেছে, আলমডাঙ্গার কুমার নদ অর্থাৎ গঙ্গা সেচ প্রকল্পের মেইন ক্যানেলের ওয়াবদাহ’র জমি অবৈধভাবে দখল করে স্থাপনা গড়ে তোলা হয়েছে। ঘরবাড়ি থেকে ব্যবসা প্রতিষ্ঠান। আলমডাঙ্গার লালব্রীজ থেকে আনন্দধাম-হাউসপুর অবধি এ মারাত্মক দখল পুরো নদকে গ্রাস করে ফেলেছে।
পূর্বে এ নদ বা ক্যানেলের আউট সাইড দখল করা হলেও কয়েক বছর আগে

অস্বীকার করে বলেছেন, আব্দুর রহিমের নিকট তিনি শুধু ঘর বিক্রির টাকা নিয়েছেন। জমি বাবদ কিছু নেননি। মোমিনের দখলে থাকা ঘর সম্পর্কে বলেন, তিনি নাকি অনেক লসে আছেন। সেখানে অবস্থিত বেশ কয়েকটি গাছ কেটে নেওয়ার অভিযোগ তোলেন অন্যের বিরুদ্ধে। এছাড়া জাহান আলীর গরু রাখার ঘর ভেঙ্গে দেওয়ার ঘটনাকে ভুল বোঝাবুঝি বলে মন্তব্য করেন।

আলমডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুরে ছহিউদ্দিন স্মৃতি ফুটবলে বাওট একাদশ সেমিফাইনালে

মেহেরপুর সদর উপজেলা মোমিনপুর ডায়মন্ড ক্লাবের উদ্যোগে মোমিনপুর মাঠে অনুষ্ঠিত ছহিউদ্দিন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে বাওট একাদশ সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে।

গতকাল রবিবার অনুষ্ঠিত ১ম কোয়াটার ফাইনাল খেলায় বাওট একাদশ ২-০ গোলে ভগিরতপুর একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে মিঠু ও ইমরান গোল করে এবং মিঠু ও ইমরান ম্যান অব দ্য ম্যাচ এর পুরস্কার লাভ করেন।

খেলা শেষে আওয়ামী লীগ নেতা শামিম ফেরদৌস ও সদর উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম ম্যান অব দ্য ম্যাচের পুরস্কার বিতরন করেন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে মাদক মামলায় এক জনের ৩ বছরের জেল

হেরোইন রাখার অভিযোগ প্রমাণিত হওয়ায় জিয়ারুল ইসলাম নামের এক ব্যক্তিকে ৩ বছরের সশ্রম কারাদÐ দিয়েছে মেহেরপুরের আদালত। গতকাল রবিবার দুপুরের দিকে মেহেরপুর স্পেশাল ট্রাইবুনাল চতুর্থ আদালতের বিচারক মো: কেরামত আলী এ রায় দেন। সাজাপ্রাপ্ত জিয়ারুল ইসলাম গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আশাবুল হকের ছেলে।
২০১৫ সালে মেহেরপুরের ডিবি পুলিশ ১০ গ্রাম হেরোইন সহ জিয়ারুল কে আটক করে। এ ঘটনায় গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়। মামলায় ৭ জন সাক্ষী সাক্ষ্য প্রদান করে। মামলায় রাষ্ট্রপক্ষে এপিপি অ্যাড. রুস্তম আলী ও আসামী পক্ষে শফিকুল আলম কৌশলী ছিলেন।

নিজস্ব প্রতিনিধি

বর্তমান সরকারের আমলে বিরোধী দলের কোন মানুষের প্রতি অত্যাচার করা হয় না

স্বাধীনতার বিপক্ষে যারা আছেন তারা একটু উপলব্ধী করে দেখেন আওয়ামী লীগ সরকারের আমলে কতটা উন্নয়ন হচ্ছে। দেশের উন্নয়নের কথা ভেবে, আপনাদের সন্তানদের ভবিষ্যৎতের কথা ভেবে হলেও আপনারা আওয়ামী লীগকে সমর্থন করেন।
তাছাড়া বর্তমান সরকারের আমলে বিরোধী দলের কোন মানুষের প্রতি অত্যাচার করা হয় না। আর এটাই হলো আওয়ামী লীগ সরকারের নিতি। শনিবার বিকালে মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যেগে এক গনসংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ সকল কথা বলেন জনাপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল। তিনি বলেন, প্রতিবছর দেশ ৮ ভাগ করে সামনের দিয়ে এগিয়ে যাচ্ছে। আমাদের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বলেছেন কোন মানুষের

আশা অপূরণ থাকবে না। সকল মানুষের আশা পূরণ করা হবে।
সকল গ্রামকে পরিনিত করা হবে শহরে। আগামী ২০২১ সালের মধ্যে যাদের ঘর নেই, তাদের সকলের জন্য ঘরের ব্যাবস্থা করে দেওয়া হবে।
এদিকে, দারিয়াপুর গ্রামবাসীর দাবী দারিয়াপুর খেলার মাঠকে মিনি স্টেডিয়াম হিসাবে দেখতে চাই। তাদের এই দাবী মেনে নিয়ে দারিয়াপুর খেলার মাঠকে মিনি স্টেডিয়াম করে দেবার ঘোষনা দেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী।
উক্ত অনুষ্ঠানে দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়্বূ হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু প্রমুখ।

মুজিবনগর অফিস

দশ বছরে বিএসএফের গুলিতে ৩ শতাধিক বাংলাদেশি নিহত

গত দশ বছরে ভারতের সীমান্তরক্ষী বাহিনী-বিএসএফের গুলিতে ৩২২ জন বাংলাদেশি নিহত হয়েছেন। এরমধ্যে চলতি বছরের সেপ্টেম্বর পর্যন্ত নিহত হয়েছেন ২৮ জন।
গত ১১ জুলাই একাদশ জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জানিয়েছিলেন, ২০১৮ সাল পর্যন্ত গত ১০ বছরে বিএসএফের হাতে নিহত বাংলাদেশির সংখ্যা ২৯৪জন।
চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনের বিএনপির সংসদ সদস্য এম হারুনুর রশিদের প্রশ্নের জবাবে মন্ত্রী এই তথ্য জানান।
স্বরাষ্ট্রমন্ত্রী সংসদকে জানান, ভারত-বাংলাদেশ সীমান্তে ২০০৯

সালে অন্তত ৬৬ জন, ২০১০ সালে ৫৫ জন, ২০১১ ও ২০১২ সালে ২৪ জন করে মোট ৪৮ জন, ২০১৩ সালে ১৮ জন, ২০১৪ সালে ২৪ জন, ২০১৫ সালে ৩৮ জন, ২০১৬ সালে ২৫ জন, ২০১৭ সালে ১৭ জন ও ২০১৮ সালে ৩ জন বাংলাদেশি নিহত হয়েছেন।
এদিকে মানবাধিকার সংগঠন অধিকারের তথ্যমতে, চলতি বছরের সেপ্টেম্বর পর্যন্ত সীমান্তে বিএসএফের হাতে ২৮ জন বাংলাদেশি নিহত হয়েছেন। এদিকে গত বৃহস্পতিবার রাজশাহীর চারাঘাটে এক ভারতীয় জেলেকে ছিনিয়ে নেয়ার চেষ্টায় বিএসএফ-বিজিবির গোলাগুলির ঘটনা ঘটে। এ সময় দুই পক্ষের গোলাগুলিতে বিএসএফের এক জওয়ান নিহত হন। বিষয়টি নিয়ে শুক্রবার জাতীয় প্রেস ক্লাবে এক অনুষ্ঠানের পর সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এটি ভুল-বোঝাবুঝি কারণে হয়েছে। বিষয়টি নিয়ে দুই বাহিনীর প্রধানদের মধ্যে আলোচনা হচ্ছে, সীমান্তে শান্তি রক্ষায় দুই দেশই তৎপর। স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা জানান।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের সুবিদপুরে বঙ্গবন্ধু হা-ডু-ডু টুর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর গ্রামবাসীর উদ্যোগে সুবিদপুর উওরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত বঙ্গবন্ধু হা- ডু-ডু টুর্নামেন্টে অনুষ্ঠিত হয়।

টুর্নামেন্টে আশরাফপুর দল চ্যাম্পিয়ন এবং রাজনগর দল রানার্সআপ হয়। টুর্নামেন্ট শেষে বিজয়ী দলের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। জেলা যুবলীগের যুগ্ম আহŸ◌ায়ক সরফরাজ হোসেন মৃদুলের সভাপতিত্বে পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামি লীগের যুগ্ম সম্পাদক এ্যাড.ইব্ররাহিম শাহীন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইদ্রিস আলী মাষ্টার, সাধারণ সম্পাদক মো: বাবুল আক্তার।

সাধুর সঙ্গ সাঙ্গ করে ছেউড়িয়া ছাড়ছে ভক্তরা

বাউল সম্রাট ফকির লালন শাহ্ এর তিরোধান স্মরনোৎসবের শেষদিনে সাধুর সঙ্গ সাঙ্গ করে আপন ঠিকানায় ফিরেছেন দুর দুরান্ত থেকে ছেউড়িয়ার তীর্থধামে আসা বাউল, সাধু-ভক্ত, অনুসারীরা।
শুক্রবার সকাল থেকেই ৩দিনের সাধুসঙ্গের ইতি টানতে সঙ্গে আনা গাট্টি, বোচকা গুছিয়ে শেষ বারের মতো ভক্তদের সাথে ভক্তি-কুশল বিনিময়ের মধ্যদিয়ে অশ্রুভরা চোখে বিদায় নিয়ে বাউলরা আখড়াবাড়ি ছেড়ে রওয়ানা হয়েছেন নিজ নিজ আশ্রমের উদ্দেশ্যে। তারা বলছেন এই মহামিলনের শিক্ষা মানবপ্রেম ছড়িয়ে দেবেন দেশ থেকে দেশান্তরে। আখড়া বাড়িতে অনুষ্ঠিত তিরোধান দিবসের ৩দিনের আনুষ্ঠানিকতা শেষে উৎসবকে কেন্দ্র করে জমজমাট আখড়াবাড়ি এখন অনেকটাই ফাকা। তাদের গুরু বানী ও সবকিছুর কিছুর মুলে পরম মমতায় শ্রদ্ধাভরে গুরুকে বারবার প্রনাম ও নানা রকম ভক্তি জানিয়ে বিদায় নেন শিষ্যরা। তাদের আবার দেখা হবে লালনের দোল অনুষ্ঠানে। বাউল ফকির আর সাধুদের ছাড়াই নাম মাত্র অনুষ্ঠানিতায় শুক্রবারও লালন মঞ্চে আলোচনা সভা ও লালন সংগীত পরিবেশিত হয় রাতভর।
বিদায় বেলায় রাজশাহী থেকে আসা ফকির আমিরুল শাহ অশ্রুসিক্ত নয়নে বলেন, সাধুদের সব কিছুর মুলে গুরু ভক্তি। গুরুকে ভজেই সর্বদা তারা পরমত্মার সন্ধান করে ফেরে। সেই গুরুকে বারবার প্রনাম ও ভক্তি জানিয়ে শির্ষ্যরা বিদায় নিলেও আবারও তারা ঘুরে ঘুরে আসেন গুরু’র এই তীর্থধামে। তাদের যে গুরুর চরনস্পর্শ করা বড়ই দরকার। নইলে সে তো পাবে না আর দ্বিন-দরিয়ার পাড়।
ঢাকা সাভার থেকে আসা এনাম শাহ বলেন, সমাজের অসঙ্গতি, সা¤প্রদায়িকতা, মানুষে মানুষে অযথা হানাহানি দূর করে চিরন্তন মানবধর্ম প্রতিষ্ঠা করতে চেয়েছেন লালন। সাঁইজি তার পদাবলী ও বাণীতে মানুষকে প্রকৃত শুদ্ধ মানুষ হওয়ার আহবান জানিয়েছেন। তাই এই উৎসব কেবল উৎসব নয় এখান থেকে লালনের এমন শিক্ষা ও মানবপ্রেম ছড়িয়ে দেবেন দেশব্যাপী।

শুক্রবার দুপুরে অখড়াবাড়ী ঘুরে দেখা যায়, ১৬অক্টোবর থেকে ১৮অক্টোবর পর্যন্ত ৩দিনের এই আয়োজনে এবার উৎসুক দর্শনাথীদের ভীড় ছিলো চোখে পড়ার মতো। তবে এসময় খেলাফতধারী সাধুদের চোখে পড়েনি খুব একটা। ঘুরে ফিরে স্থানীয় বাউলদেরই চোখে পড়ে। খেলাফতধারী সাধু না থাকলেও থেমে নেই অনুষ্ঠান। দর্শনার্থীদের সমাগম থাকায় মেলার স্টলগুলোতে সারাক্ষনই ভীড় রয়েছে। নাগর দোলা ঘুরছে তার আপন গতিতে। মেলায় আসা দোকানীরা জানালেন বিকিকিনিও বেশ ভালো।
সংস্কৃতি মন্ত্রনালয় ও কুষ্টিয়া জেলা প্রশাসনের সহযোগিতায় লালন একাডেমীর সভাপতি জেলা প্রশাসক আসলাম হোসেনের সভাপতিত্বে সন্ধা ৭টায় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া এবং প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী বিশ^বিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন উর রশিদ আসকারী। আলোচনা সভা শেষে রাতভর চলে লালন একাডেমীর শিল্পীবৃন্দ ও দেশের খ্যাতনামা শিল্পীদের পরিবেশনায় লালন সংগীতানুষ্ঠান।

কুষ্টিয়া প্রতিনিধি

মেহেরপুরে প্রাথমিক বিদ্যালয়ের ৩ শিক্ষককে বিদায় সংবর্ধনা অনুষ্ঠান

মেহেরপুর সদর উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩জন বিদায়ী শিক্ষককে সংবর্ধনা প্রদান করা হয়েছে।
গতকাল বৃহস্পতিবার বিকালে মেহেরপুর পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক কল্যান সমিতি মেহেরপুর উপজেলা শাখার আয়োজনে এই সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
যাদের সংবর্ধনা দেওয়া হয়তারা হলেন, রাজাপুর বারাকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম, আমঝুপি গন্ধরাজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফিরোজ আলি ও পুরাতন মদনাডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক

আবু বক্কর।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সদর উপজেলা সভাপতি ইকবাল হোসেন। প্রধান অতিথি ছিলেন জেলা শাখার সভাপতি কোমর উদ্দিন।
বিশেষ অতিথি ছিলেন উপদেষ্টা শহিদুল আযম, নূরুল গনি ও জেলা শাখার প্রচার সম্পাদক আবু লায়েছ লাবলু। স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সম্পাদক রফিকুল ইসলাম। আরো বক্তব্য রাখেন প্রধান শিক্ষক কেতাব আলি, মকলেসুর রহমান, সোহরাব আলি ও একরামুল ইসলাম। অনুষ্ঠানের শেষে ৩ বিদয়ী অতিথি শিক্ষককে গিফট প্রদান করা হয়।

নিজস্ব প্রতিনিধি